

# অকৃতকার্যদের হতাশ হওয়ার কিছু নেই : প্রধানমন্ত্রী

সংবাদ অনলাইন রিপোর্ট

: শুক্রবার, ২৮ জুলাই ২০২৩



প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, যারা অকৃতকার্য হয়েছে তাদের হতাশ হওয়ার কিছু নেই। হতাশা মানুষের আরো ক্ষতি করে। আগামীতে যেনও ভালো ফল করা যায় সে বিষয়ে চেষ্টা করতে হবে।

শুক্রবার (২৮ জুলাই) সকালে গণভবনে এসএসসি ও সমমান পরীক্ষার ফল হস্তান্তর অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

এ সময় উপস্থিত ছিলেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি ও শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী নওফেলসহ শিক্ষা মন্ত্রণালয় ও শিক্ষা বোর্ডগুলো কর্মকর্তারা।

এসএসসি ও সমমান পরীক্ষায় ছাত্রীদের থেকে কম সংখ্যক ছাত্র অংশ নিয়েছে বলে জানিয়েছেন শেখ হাসিনা। এসএসসিতে ছেলেদের সংখ্যা কেন কমে যাচ্ছে সে প্রশ্ন রেখে সরকার প্রধান বলেছেন, কেন ছেলেদের সংখ্যা কমে যাচ্ছে তা খতিয়ে দেখা দরকার। শিক্ষা প্রশাসনকে এ বিষয়টি খতিয়ে দেখার আহ্বান জানান তিনি।

প্রধানমন্ত্রী অভিভাবকদের বলেন, সন্তানকে অন্যের সঙ্গে তুলনা করার কিছু নেই। সবার মেধা একরকম হয় না।

এসময় তিনি এসএসসি ও সমমান পরীক্ষায় কৃতকার্য বা পাস করা শিক্ষার্থীদের অভিনন্দন জানান।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, ২০২৩ সালে এসএসসি ও সমমানে পরীক্ষায় ১১টি শিক্ষা বোর্ডের অধীনের ২০ লাখ ৭৮ হাজার ২১৬ জন পরীক্ষার্থী ছিল। এর মধ্যে ছাত্র সংখ্যা হচ্ছে ১০ লাখ ২৪ হাজার ৯৮০ জন, যা ৪৯.৩২ শতাংশ। ছাত্রী সংখ্যা হচ্ছে ১০ লাখ ৫৩ হাজার ২৪৬ জন, যা ৫০.৬৮ শতাংশ।

ফল জানা যাবে যেভাবে : ঢাকা শিক্ষা বোর্ডের এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, শিক্ষার্থীরা ঢাকা শিক্ষা বোর্ডের ওয়েবসাইট [educationboardresults.gov.bd](http://educationboardresults.gov.bd) প্রবেশ করে রোল ও রেজিস্ট্রেশন নম্বর দিয়ে রেজাল্ট শিট ডাউনলোড করতে পারবে। এ ছাড়া এসএমএসের মাধ্যমেও ফল জানা যাবে। সে ক্ষেত্রে মোবাইলের মেসেজ অপশনে গিয়ে SSC লিখে স্পেস দিয়ে ইংরেজিতে বোর্ডের প্রথম তিন অক্ষর লিখে স্পেস দিয়ে রোল নম্বর দিতে হবে। এরপর আবারও স্পেস দিয়ে পরীক্ষার বছর লিখে 16222 নম্বরে পাঠাতে হবে। (উদাহরণ- SSC DHA ROLL YEAR)। ফিরতি মেসেজে ফল জানিয়ে দেওয়া হবে।

শিক্ষাপ্রতিষ্ঠানভিত্তিক রেজাল্ট শিট পেতে বোর্ডের ওয়েবসাইট প্রবেশ করতে হবে। এরপর রেজাল্ট কর্ণারে ক্লিক করে শিক্ষাপ্রতিষ্ঠানে ইআইআইএন (EIIN) এন্ট্রি করতে হবে। তাহলে